**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**14 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর দেশের ৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্-সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণ ।

২। আগামীকাল দেশের ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন । লালকেল্লা থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশবাসীকে সম্বোধন ।

৩। সমগ্র আসামের সঙ্গে বরাক উপত্যকায়ও স্বাধীনতা দিবসের বিভিন্ন কার্যসূচীর আয়োজন । রাজ্য সরকারের সাংবাদিক পেনশন ঘোষণা ।

এবং

৪। উৎকৃষ্ট সেবার রাষ্ট্রপতি পদকের জন্য আসাম পুলিশের ১৪ জন আধিকারিক ,জওয়ান নির্বাচিত ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণে সকল দেশবাসীকে ৭৮ তম স্বাধীনতা দিবস উপলক্ষে অভিনন্দন জানিয়েছেন। শ্রীমতি মুর্মু দিল্লির লালকেল্লা সহ সমগ্র দেশের প্রান্তে প্রান্তে দেশবাসী স্বাধীনতা দিবস উৎসবের মতো উদযাপনের জন্য যেভাবে তৈরি হচ্ছেন তাতে তিনি আনন্দ প্রকাশ করেছেন। এই উৎসবে দেশের ১৪০ কোটি জনগণ উৎসাহ উদ্দীপনার সঙ্গে অংশ নিচ্ছেন বলে উল্লেখ করে তিনি দেশকে স্বাধীন করার জন্য সর্বাচ্চ বলিদান দেওয়া স্বাধীনতা সংগ্রামী

জাতির পিতা মহাত্মা গান্ধী, সর্দার বল্লভ ভাই প্যাটেল, নেতাজি সুভাষ চন্দ্র বসু সহ সকল স্বাধীনতা সংগ্রামীদের তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

আদিবাসীদের মধ্যে স্বাধীনতা সংগ্রামীকেও তিনি স্মরণ করে বলেন, ভগবান বীরসা মুন্ডা জয়ন্তী জনজাতি গৌরব দিবস হিসেবে উদযাপন শুরু হয়েছে। আগামী বছর তার ১৫০ বছর জয়ন্তী পালন করা হবে। এই উৎসবে দেশের ১৪০ কোটি জনসাধারণ একই পরিবারের মতো আনন্দের সঙ্গে অংশ নিচ্ছেন।

সম্প্রতি বিশ্বের সর্ববৃহৎ গণতান্ত্রিক উৎসব লোকসভা নির্বাচন আমাদের দেশে অনুষ্ঠিত হয়েছে। এই নির্বাচন আয়োজনের সঙ্গে জড়িত সকল নির্বাচনী আধিকারিক, কর্মীদের কৃতজ্ঞতা জানিয়ে শ্রীমতি মুর্মূ নির্বাচনে ভোটদাতাদের অংশগ্রহনের ক্ষেত্রে যে বিভিন্নভাবে সহায়তা করেছেন তাতে সন্তোষ প্রকাশ করেছেন। আজ বিভাজন বিভীষিকা দিবস পালন করা হচ্ছে বলে উল্লেখ করে শ্রীমতি মুর্মূ এই বিভাজনের সময়কালের ভুক্তভোগীদের দু:খ-কষ্ট স্মরণ করেন। রাষ্ট্রপতি আমাদের দেশ অর্থনৈতিক দিকে দ্রুত গতিতে এগিয়ে রয়েছে বলে উল্লেখ করে বলেন যে দেশ বর্তমানে পঞ্চম অর্থ ব্যবস্থায় পরিগনিত হয়েছে। সরকার দেশের দু:স্থ, গরীবদের সহায়তা করার জন্য সবধরণের প্রয়াস করে যাচ্ছে। দেশ খুব শীঘ্রই তৃতীয় অর্থনীতিতে পরিগণিত হবার দিকে তৈরি হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

তিনি এই উন্নয়ন, বিকাশ , অন্নদাতা কৃষক , উদ্যমিতা, সেনাকর্মী সব বিভাগ এবং বিশেষ করে দূরদর্শী নেতৃত্বের জন্য সম্ভব হয়েছে বলে উল্লেখ করেন। সরকার সেমি-কনডাক্টর কৃত্রিম বুদ্ধিমত্তা, স্টার্ট আপ ইত্যাদির মাধ্যমে আর্থিক সংশোধন ও বিকাশে গুরুত্ব আরোপ করছে। তিনি রোজগার ও কৌশল যোজনার মাধ্যমে দেশের ৫ কোটি ১০ লক্ষ যুব সম্প্রদায়ের কর্মসংস্থাপনের সৃষ্টি হবে বলে উল্লেখ করেন।
ক্রীড়া ক্ষেত্রে উন্নতির কথা উল্লেখ করে শ্রীমতি মুর্মূ সম্প্রতি সম্পন্ন প্যারিস অলিম্পিকে অংশগ্রহনকারী ক্রীড়াবিদদের প্রয়াসের প্রশংসা করেন। ক্রিকেট টি-২০ বিশ্বকাপ বিজয়ী ক্রীড়াবিদদেরও অভিনন্দন জানান। তিনি সেনা জওয়ান, পুলিশ যারা দেশকে রক্ষা করে চলেছেন তাদেরকেও স্বাধীনতা দিবস উপলক্ষে অভিনন্দন জ্ঞাপন করেছেন।

---

সমগ্র দেশে আগামীকাল ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

দিল্লীর লালকেল্লায় আগামীকাল অনুষ্ঠেয় স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির উদ্দেশ্যে ভাষন দেবেন । এছাড়া প্রধানমন্ত্রী পেরেডে অভিবাদন গ্রহণ করা সহ জাতীয় পতাকা উত্তোলন করবেন ।দিল্লীতে আয়োজিত মূল অনুষ্ঠানে বিভিন্ন দেশের অথিতিরা সহ অলিম্পিকে পদকজয়ী ক্রীড়াবিদরা উপস্থিত থাকবেন ।

গৌহাটীতে সরকারী কার্যসূচী আগামীকাল সকাল সাড়ে চারটায় প্রভাতী গীতাঞ্জলীর মাধ্যমে আরম্ভ করার পর সকাল ৭ টায় সরকারী আধিকারিকদের বাসভবনে ও সাড়ে ৭ টায় সরকারী কার্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে ।সকাল সাতটা ৪৫ মিনিট থেকে কুচকায়াজে অংশ গ্রহণ করার জন্য দলগুলি ও ৮ টা ১৫ মিনিট থেকে আমন্ত্রিত অতিথি তথা জনসাধারণ খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে উপস্থিত হোয়ার পর সকাল ৯ টায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জাতীয় পতাকা উত্তোলন করবেন ।এরপর তিনি অভিবাদন গ্রহণ করবেন ।এই অনুষ্ঠানে আসাম পুলিশ ও আধাসামরিক বাহিনী কুচকাওয়াজ প্রদর্শন করবে ।

এদিকে রাজ্যসরকার আজ সাংবাদিক পেনশনারদের নাম ঘোষণা করেছেন। ২০২৪ বর্ষের জন্য রাজ্যসরকার ২০ জন সাংবাদিককে পেনশন প্রদান করবে।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় ও আগামীকাল ৭৮তম স্বাধীনতা দিবস পালনের প্রস্তুতি চূড়ান্ত হয়ে উঠেছে ।

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এবছর স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত হবে । সকাল সাড়ে পাঁচটায় তথ্য ও জনসংযোগের মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার করা হবে । এছাড়া সকাল ৭টায় বেসরকারী গৃহ , কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন , সকাল ৭টা ৪৫ মিনিটে সরকারী বাসগৃহ ,কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্টানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সকাল ৯টায় রাজ্যের শক্তি মন্ত্রী নন্দিতা গার্লোসা জাতীয় পতাকা উত্তোলন করবেন ।

---

করিমগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল ৭৮তম স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান করিমগঞ্জ সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ৬টায় শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার সহ সকাল সাড়ে ছটায় প্রভাতফেরী , সকাল সাতটায় জনসাধারনের বাসভবন , বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-কার্য্যলয়ে জাতীয় পতাকা উত্তোলন , সকাল

৮টায় সরকারী কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সকাল সাড়ে আটটায় শহীদ বেদীতে মাল্যদান করা হবে। সকাল ৯টায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব  জাতীয় পতাকা উত্তোলন করবেন  । এছাড়া সকাল ১০টায় জেলা কারাগার , লায়ন্স ক্লাব , রেডক্রস হাসপাতাল , সিভিল হাসপাতালে রোগীদের মধ্যে ফল বিতরন , বেলা সাড়ে ১২টায় মহিলাদের মধ্যে দড়ি টানাটানি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে  । সন্ধ্যায় সব সরকারী কার্য্যলয় ও বাসগৃহে আলোক সজ্জার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল ৭৮তম স্বাধীনতা দিবস পালনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন । জেলার কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । জেলার কেন্দ্রীয় অনুষ্ঠানে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী , আসাম পুলিশ , মহিলা পুলিশ , গৃহরক্ষী বাহিনী , রাষ্ট্রীয় শিক্ষার্থী বাহিনী সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা কুচকাওয়াজে অংশগ্রহন করবে । মোট ২০টি দল এবছর স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহন করবে । স্বাধীনতা দিবসের প্রতি লক্ষ্য রেখে জেলা পুলিশ প্রশাসন  কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------------------

মিজোরামে ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি অব্যাহত রয়েছে । এই দিনটি সুষ্ঠুভাবে উদযাপনের জন্য নিরাপত্তা ব্যাবস্থা জোরদার করা সহ বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । পুলিশ পরিদর্শক (আইন শৃঙ্খলা ) লালবিয়াকথাঙ্গা খিয়াংগতে বলেছেন যে আইজল সহ সমগ্র রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপনের সময় যে কোনোধরণের অপ্রীতিকর ঘটনা এড়াতে কঠোর নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য আইজল শহরের কেন্দ্রস্থলে আসাম রাইফেলের লাম্মুয়ালে রাজ্যস্তরের স্বাধীনতা দিবস উদযাপন করা হবে এবং রাজ্যের মূখ্যমন্ত্রী লালাডুহোমা প্রথমবারের মতো স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে  ভাষণ দেবেন ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ রাষ্ট্রপতি ভবনে দর্শনার্থীদের জন্য ২০২৪ সালের গ্রীষ্মকালীন বার্ষিক অমৃত উদ্যানের উদ্বোধন করেন । এই উদ্যানটি জনসাধারণের দর্শনের জন্য আগামী শুক্রবার থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত খোলা থাকবে । আগামী প্রজন্মকে অমৃত উদ্যানের মানসিকতায় উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের মধ্যে বোতাম ব্যাজ বিতরণ করা হবে । এদিকে এবার প্রথমবারের মতো জাতীয় ক্রীড়া দিবসের সঙ্গে

সঙ্গতি রেখে  আগামী ২৯ শে আগস্ট ক্রীড়া ক্ষেত্রে জড়িত ব্যাক্তিদের উদ্যান দর্শনের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয়ের বিভিন্ন প্রকল্প রুপায়ন করে থাকা রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১৬১ জন ক্ষেত্র কর্মীকে নতুন দিল্লীর লালকেল্লায় আয়োজিত স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান পরিলক্ষিত করার জন্য বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রন জানানো হয়েছে । মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয়ের তথ্য অনুযায়ী অংগনোয়াড়ী , সখী একক অবস্থান কেন্দ্র , সংকল্প : মহিলা সবলীকরণ কেন্দ্র , শিশু কল্যাণ সমিতি ও জেলা শিশু সুরক্ষা গোষ্ঠীর নির্বাচিত মহিলা কর্মীদের বিশেষ আতিথি হিসেবে আমন্ত্রন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার স্বাধীনতা দিবস উপলক্ষ্যে পুলিশ ,অগ্নি নির্বাপক ,গৃহরক্ষী তথা অসামরিক প্রতিরক্ষা ও সংশোধনী সেবার এক হাজার ৩৭ জন জওয়ানকে বীরত্ব ও সেবার পদক প্রদান করেছে ।
স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে ২১৩ জন  জওয়ানকে বীরত্বের জন্য পদক প্রদান করা হয়েছে । সেইসঙ্গে ৯৪ টি বিশিষ্ট সেবা রাষ্ট্রপতি পদকের মধ্যে ৭৫ টি পুলিশ সেবা ,৮ টি অগ্নি নর্বাপক সেবা ,৮ টি অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী সেবা এবং তিনটি সংশোধনী সেবা প্রদান করা হয়েছে ।

আসাম পুলিশের ১৪ জন আধিকারিক জওয়ানকে উৎকৃষ্ট সেবার জন্য পদক প্রদান করা হয়েছে ।আসাম পুলিশের উপ-মহাপরিদর্শক রত্না সিংহ উল্লেখযোগ্য সেবার জন্য রাষ্ট্রপতি পদক লাভ করেন ।এদিকে আসাম পুলিশের উপ-মহাপরিদর্শক বিজয় গিরি কুলিগাম ,পুলিশ সুপার মিহিরজিত গায়ন ,নায়ক ইনামূল হক সহ আরো ১০ জনকে বিশিষ্ট সেবা পদকের জন্য নির্বাচিত করা হয় ।

---------------------------------------------------------------------------------------

আজ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস ।এই দিনটিতে ১৯৪৭ সালে ভারত বিভাজনের সময়ে দু:খ কষ্ট ভোগ করা লোকেদের স্মরণ করা হয় । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় বিভাজনের ভয়াবহতায় প্রভাবিত ও ক্ষতিগ্রস্ত হোয়া অগনিত লোককে স্মরণ করেন ।তিনি বলেন যে আজ সেই লোকেদের সাহসকে শ্রদ্ধাঞ্জলী জানানোর দিন যারা বিভাজনের দু:খ ও কষ্ট সহ্য করে ও পুনরায় জীবন

যাপন করতে সক্ষম হয়েছেন ।এছাড়া প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের ঐক্য ও ভ্রাতৃত্ববোধের বন্ধন রক্ষার জন্য জাতির দায়বদ্ধতার ওপর গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের মূখ্য কার্যালয় মালিগাঁও এবং শিলচর ,লামডিং ,আগরতলা সহ বিভিন্ন স্টেশনে  বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয় বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন । এর মধ্যে ছিলো ১৯৪৭ সালে  দেশভাগের সময় ভারতীয়দের দূর্ভোগ -যন্ত্রণা ,দুঃখ -কষ্টের চিত্রসম্বলিত প্রদর্শনী স্টল ,হোর্ডিং ,ফটোগ্রাফ ইত্যাদি ।

---------------------------------------------------------------------------------------

হর ঘর তিরঙ্গা কার্য্যসূচীর অধীনে হাইলাকান্দি জেলায়ও আজ তিরঙ্গা মেলা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম অসম রাজ্য জীবিকা গ্রামীন মিশনের উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধন করেন ।    মহিলা আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যাদের পরিচালনায় এই মেলায় সুলভ মূল্যে জাতীয় পতাকা পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও আগামী ১৬ই অগাষ্ট শোক দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে ওইদিন সকাল ১১টায় সব সরকারী কার্য্যলয়ে এক মিনিট নিরবতা পালন করা হবে । উল্লেখ্য ২০০৪ সালের ১৫ই অগাষ্ট স্বাধীনতা দিবসের কার্য্যসূচীতে অংশগ্রহন করতে গিয়ে যেসব নিরীহ শিশু ও নাগরিক বোমা বিস্ফোরনে প্রাণ দিয়েছিলেন , তাদের স্মরনে আগামী ১৬ই অগাষ্ট রাজ্যজুড়ে শোক দিবস পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ডিমা কালার হাওয়র এফ সি ৩-০ গোলের ব্যবধানে ভবানীপুর এফ সি-কে পরাজিত করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় হাওয়াইথাং-এর এন এইচ স্পোর্টিং এফ সি ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স-এফ সি-র বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------------